

৪৬.০২০.০০৪.০১.০০.১০১৫.২০১৬- ২০৭


তারিখ : ২/০২/১৭

বিষয় : রীট পিটিশন নং-১৪২০৮/২০১৬, বাদী জনাব মোঃ আলম মিয়া, পিতা-জনাব আব্দুল বারিক, লালপুর রতনশ্রী, থানা-সুনামগঞ্জ সদর, জেলা-সুনামগঞ্জ ও অন্যান্য-বনাম-সরকার ও অন্যান্য।

সুনামগঞ্জ জেলার সদর উপজেলার রতনশ্রী মৌজার রেকর্ডপত্র বিশ্বম্ভরপুর উপজেলায় হস্তান্তর সংক্রান্ত বিষয়ে বাদী বাংলাদেশ সরকারের সচিব, স্থানীয় সরকার বিভাগ এবং অন্যান্যদের প্রতিপক্ষ করে মহামান্য হাইকোর্ট বিভাগে ১৪২০৮/২০১৬ নং রীট মামলাটি দায়ের করেন। বর্ণিত রীট মামলায় মহামান্য আদালত শোকজ ইস্যু পূর্বক প্রতিপক্ষগণকে জবাব প্রদান করার জন্য রুলনিশি জারী করেছে।

২। এমতাবস্থায়, বর্ণিত রীট পিটিশনে প্রদত্ত হাইকোর্ট বিভাগের আদেশ মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করত এ বিভাগসহ সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে মহামান্য আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত : রুলের কপি।


মোহাম্মদ শফিকুল আরিফ
উপসচিব
ফোন-৯৫৪০৯৯৫।

জেলা প্রশাসক
সুনামগঞ্জ।

সদয় অবগতির জন্য অনুলিপি :

১. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. কমিশনার, সিলেট বিভাগ।
৪. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।